



কৃষিই সমৃদ্ধি  
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল  
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫



নং-১২.২০.০০০০.০২০.১১.০১৩.২২.৫৯

তারিখ: ০৪/০১/২০২৩ খ্রিঃ।


স্মারকলিপি

জনাব মোঃ মামুন উর রশিদ (MD. MAMUN UR RASHID, Roll. 2002446), পিতাঃ মোঃ জালাল উদ্দিন (MD. JALAL UDDIN) এর আবেদন, কাউন্সিল নিয়োগ/পদোন্নতি কমিটি-৩ এর গত ১৪/১২/২০২২ তারিখের সভার সুপারিশ ও নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন এবং পরবর্তী নির্বাহী পরিষদের সভায় অনুমোদন সাপেক্ষে ভূতাপেক্ষভাবে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর টাকা: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) ও অন্যান্য ভাতাদিসহ তাঁকে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো।

শর্তাবলী

- ১) তাঁর এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী।
- ২) নিয়োগের প্রথম ২ (দুই) বছর শিক্ষানবিশি কাল হিসেবে গণ্য করা হবে। এ সময় তাঁর কাজ সন্তোষজনক না হলে শিক্ষানবিশি কাল বর্ধিতকরণ অথবা তাঁকে চাকরি হতে অপসারণ করা হবে এবং সন্তোষজনক ভাবে শিক্ষানবিশিকাল সমাপ্ত হবার পর চাকরি স্থায়ী করা হবে।
- ৩) কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই ১ (এক) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা নোটিশের পরিবর্তে ১ (এক) মাসের বেতন প্রদান করে তাঁর শিক্ষানবিশি কালের অবসান ঘটাতে পারবেন এবং এরূপ চাকরির অবসানের কারণে তিনি কোন প্রকার ক্ষতিপূরণ পাবেন না। শিক্ষানবিশি থাকাকালে তিনি ১ (এক) মাসের পূর্ব নোটিশ অথবা ১ মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে কাউন্সিলকে প্রদান করে চাকরি হতে ইস্তফা দিতে পারবেন।
- ৪) চাকুরিতে যোগদানপত্র দাখিলের সময় তাঁকে-
  - (ক) সিভিল সার্জনের নিকট হতে তাঁর শারীরিক উপযুক্ততার প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
  - (খ) সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডোপ টেস্ট রিপোর্ট দাখিল করতে হবে।
  - (গ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং একজন ৯ম অথবা তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।
  - (ঘ) জাতীয় পরিচয়পত্র/স্মার্টকার্ড এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
  - (ঙ) পূর্বতন অফিসের চাকরির ছাড়পত্র দাখিল করতে হবে (প্রয়োজ্য ক্ষেত্রে)।
  - (চ) পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন রিপোর্টের ফরম যোগদানের ৭ (সাত) দিনের মধ্যে দাখিল করতে হবে।
- ৫) তাঁর চরিত্র ও পূর্ব কার্যকলাপ পুলিশ দ্বারা তদন্ত করা হবে এবং সন্তোষজনক না হলে চাকরি হতে বরখাস্ত করা হবে।
- ৬) চাকুরি স্থায়ীকরণের পরবর্তী সময়ে তিনি নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট অভিপ্রায় উল্লেখ পূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে তাঁর চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি কাউন্সিলকে তাঁর ৩ (তিন) মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন। অপরদিকে কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই ৩ (তিন) মাসের নোটিশ দিয়ে অথবা ৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ নগদ অর্থ পরিশোধ করে তাঁর চাকরির অবসান ঘটাতে পারবে।
- ৭) কাউন্সিলে তাঁর চাকরি সংক্রান্ত অন্যান্য সকল বিষয় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের কর্মচারী চাকরি প্রবিধানমালা ২০১৯ অনুসারে পরিচালিত হবে।

পূর্ব পৃষ্ঠার শর্তে আপনি মোঃ মামুন উর রশিদ (MD. MAMUN UR RASHID, Roll. 2002446), যদি সম্মত থাকেন তবে আপনাকে শর্তাবলীর ৪ নং ধারায় বর্ণিত সকল কাগজপত্রসহ আগামী ১১/০১/২০২৩ হতে ১৮/০১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান বরাবরে যোগদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

  
 ০৪/০১/২০২৩  
 (মোঃ আব্দুল মোত্তাকিন)  
 পরিচালক (সাপোর্ট সার্ভিস)  
 বিএআরসি, ঢাকা।

প্রতি

Present Address:  
 MD. MAMUN UR RASHID  
 C/o. MD. JALAL UDDIN  
 Village: Koranipara, Coto Songalshi  
 P.S./Upazila- Nilphamari  
 Post Office- Songalshi, Post Code- 5300  
 District: Nilphamari

Permanent Address:  
 C/o. MD. JALAL UDDIN  
 Village: Koranipara, Coto Songalshi  
 P.S./Upazila: Nilphamari  
 Post Office: Songalshi, Post Code- 5300  
 District: Nilphamari

অনুলিপিঃ

- ১। উপ-পরিচালক (সংস্থাপন), বিএআরসি, ঢাকা।
- ২। সিনিয়র সহকারী পরিচালক (সংস্থাপন), বিএআরসি, ঢাকা।
- ৩। নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ঢাকা।
- ৪। পিএ-টু সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি, ঢাকা।
- ৫। সংশ্লিষ্ট নথি।
- ৬। ব্যক্তিগত নথি।